গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৫.১৮. ৯৯৯

তারিখ: ১৬/১২/১৪২৮ বঙ্গাব্দ:
৩০/০৩/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণ নাম ব্যবহার।

সূত্র: (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.২১.১৯৭; তারিখ-২৮/০৯/২০২১খ্রি.
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০২৩.২০.১৯৯; তারিখ-২৮/০২/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নাম থাকলে তা পরিবর্তনের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন করতে হবে;

(১) শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্যাড, মূল গেইটে এবং অন্য যে কোন স্থানে কলেজের পূর্ণ নাম লিখতে হবে।
(২) শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্যাড, মূল গেইটে এবং অন্য যে কোন স্থানে কলেজের প্রতিষ্ঠাকাল লিখতে হবে।
(৩) শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণ নামাঙ্কিত মূল গেইটের ছবি তুলে প্রেরণ করতে হবে।
(৪) শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নাম পরিবর্তন করে পূর্ণ নাম করার বিষয়ে মাউশি অধিদপ্তর, ব্যানবেইস ও সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে আবেদন করে নাম পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নাম ব্যবহৃত হচ্ছে তার পূর্ণ নাম সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নপূর্বক ৩/০৪/২০২২খ্রি. রোজ রোববার বিকাল ৫.০০টার মধ্যে পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা, ই-মেইল- director_mew_dshe@yahoo.com বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরি।

৩০/০৩/২২

(অধ্যাপক নেহাল আহমেদ-৩১৪)
মহাপরিচালক
ফোন-২২৩৩৫১০৫৭

বিতরণ:
১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১১.৯৯.২২/ ২৬৫ তারিখ- ৩০/০৩/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার (সকল) ----------, বরিশাল অঞ্চল, বরিশাল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্যাড, মূল গেইটে এবং অন্য যে কোন স্থানে প্রতিষ্ঠানের পূর্ণ নাম লেখার বিষয়টি নিশ্চিতকরণে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী জরুরী পদক্ষেপ গ্রহণ ও সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ, শিক্ষা প্রতিষ্ঠানের প্যাড ও মূল গেইটে প্রতিষ্ঠাকাল লেখার ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণ নামাঙ্কিত মূল গেইটের ছবি জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নাম পরিবর্তন করে পূর্ণ নাম করার বিষয়ে মাউশি অধিদপ্তর, ব্যানবেইস ও সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে আবেদন করত: সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের বিষয়টি নিশ্চিতকরত: এ সংক্রান্ত চাহিত তথ্যাদি আগামী ০৩/০৪/২০২২ খ্রি. তারিখ বেলা: ১১.০০ ঘটিকার মধ্যে (ddsecbarisal@yahoo.com & director_mew_dshe@yahoo.com) এ প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৪। জনাব শ্যামল চন্দ্র শর্মা, সহকারী বিদ্যালয় পরিদর্শিকা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৫। জনাব মোঃ মামুনুর রহমান, প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ----------, বরিশাল অঞ্চল, বরিশাল (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক----------, বরিশাল অঞ্চল, বরিশাল (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৮। সংরক্ষণ নথি।

(মোঃ আনোয়ার হোসেন) ৩০/০৩/২২
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

৩০/৩/২২